তাঁহাদের ভজনপদ্ধতি বিশেষ অনুসন্ধানে জানিতে পারা যায় যে—তাঁহারাও শ্রীগুরুকে পূর্ব্বোক্তরূপে ভাবনা ও পূজা করিয়া থাকেন। অতএব শ্রীপাদ গোস্বামীচরণগণের অভিপ্রায় এবং তদনুগত সৎসম্প্রদায়ের আচরণ সাদরে শিরোধার্য্য করাই আমাদের সর্ব্বদা কর্ত্তব্য নহে কি?

বিশুদ্ধ ভক্তেরা শ্রীশিবকে এবং শ্রীগুরুদেবকে শ্রীভগবানের সহিত প্রিয়তমত্বরূপেই যে অভেদদৃষ্টি করিয়া থাকেন, তাহারই প্রমাণরূপ ৪।৩০ অধ্যায়ে শ্রীমৎ অষ্টভুজ পুরুষকে লক্ষ্য করিয়া প্রচেতাগণের বাক্য উল্লেখ করিতেছেন। যথা—বয়ন্তু সাক্ষাদ্ ভগবান্ ভবস্য প্রিয়স্য সখ্যুঃ ক্ষণসঙ্গমেন। সুদুশ্চিকিৎস্যস্য ভবস্য মৃত্যোর্ভিষক্তমং ত্বাদ্যগতিং গতাঃ স্মঃ॥ ২১৩॥ অর্থাৎ প্রচেতাগণ কহিলেন—হে প্রভো! আমরা কিন্তু তোমার প্রিয়সখা যে মহাদেব, তাঁহার ক্ষণকাল সঙ্গপ্রভাবে যে ভবরোগ অত্যন্ত দুশ্চিকিৎস্য, সেই সংসারের সাক্ষাৎ ভিষক্তম অর্থাৎ সদবৈদ্য তোমাকে প্রাপ্তি হইয়াছি। জীব যতদিন পর্য্যন্ত তোমাকে প্রাপ্ত না হয়, ততদিন পর্য্যন্ত এই বিষম সংসার-রোগ হইতে অন্য কোন উপায়েও মুক্ত হইতে পারে না। তুমিও আবার এমনই সদ্‌বৈদ্য যে তোমার দর্শনমাত্রেই সংসারব্যাধি আপনিই নিবৃত্তি হইয়া যায়। তোমাকেও আবার তোমার প্রিয়জনের সঙ্গ বিনা অন্য কোনও উপায়ে দেখিতে পাওয়া যায় না। এই শ্লোকে শ্রীশিব প্রচেতাগণের গুরু। সেই শ্রীগুরু যে শ্রীভগবানের প্রিয়, তাহাও বক্তা প্রচেতাগণের উক্তিতে স্পষ্টই উল্লেখ করিয়াছেন॥ ২১৩॥

টীকা চ—তব যঃ প্রিয় সখা তস্য ভবস্য। অত্যন্তমচিকিৎস্যস্য ভবস্য জন্মনো মৃত্যোশ্চ ভিষক্তমং সদ্‌বৈদ্যং ত্বাং গতিং প্রাপ্তা ইত্যেষা। শ্রীশিবো হ্যেষাং বক্তৃণাং গুরুঃ। ৪। ৩০॥ শ্রীপ্রচেতসঃ শ্রীমদষ্টভুজপুরুষম্॥ ২১৩॥

তদেবং রুচ্যাদিঃ শ্রীগুর্ব্বাশ্রয়ান্তঃ উপাসনাপূর্ব্বাঙ্গরূপঃ সাম্মুখ্যভেদো বহুবিধো দর্শিতঃ। অথ সাক্ষাদুপাসনলক্ষণস্তদ্ভেদোঽপি বহুবিধো দর্শ্যতে। তত্র সাম্মুখ্যং দ্বিবিধম্—নির্ব্বিশেষময়ং সবিশেষময়ঞ্চ। তত্র পূর্ব্বং জ্ঞানম্। উত্তরন্তু দ্বিবিধম্—'অহংগ্রহোপাসনারূপং ভক্তিরূপঞ্চ। অথ জ্ঞানস্য লক্ষণম্—জ্ঞানঞ্চৈকাত্মদর্শনম্ ইতি॥ ২১৪॥

অভেদোপাসনং জ্ঞানমিত্যর্থঃ। ১১। ১৯॥ শ্রীভগবান্ ২১৪॥

তৎসাধনপ্রকারশ্চৈবং বহুবিধস্তত্র তত্রোক্তঃ। স চ জ্ঞানমেবোচ্যতে। তত্র শ্রবণং শ্রীপৃথুসনৎকুমারসংবাদাদৌ দ্রষ্টব্যম্। তদনুসারেণ মননঞ্চ জ্ঞেয়ম্। প্রথমতঃ শ্রোতৃনাং হি বিবেকস্তাবানেব যাবতা জড়াতিরিক্তং চিন্মাত্রং বস্তূপস্থিতং ভবতি। তস্মিংশ্চিন্মাত্রেঽপি বস্তুনি যা বিশেষাঃ স্বরূপভূতশক্তিসিদ্ধা ভগবত্তাদিরূপা বর্ত্তন্তে তাংস্তে বিবেক্তুং ন ক্ষমন্তে যথা রজনীখণ্ডিনি জ্যোতিষি জ্যোতির্মাত্রত্বেঽপি যে